দৈনিক বাংলা

তারিখ 02 JUN 1987
পৃষ্ঠা ... কলাম ...

# বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী (বিআইটি)

খুলনা/চট্টগ্রাম/রাজশাহী
(সাবেক ইঞ্জিনীয়ারিং কলেজসমূহ)

# সম্মিলিত ভর্তি বিজ্ঞপ্তি

### শিক্ষাবর্ষ—১৯৮৬-৮৭

১। বিআইটি খুলনা/চট্টগ্রাম/রাজশাহীতে ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, পুরকৌশল এবং যন্ত্রকৌশল বিভাগে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ছাত্র ও অভিভাবকদের সুবিধার্থে এবারে ভর্তি পরীক্ষা খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী বিআইটিতে সম্মিলিতভাবে একই প্রশ্নে এবং একই তারিখে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকা এবং প্রার্থীদের পছন্দের ভিত্তিতে উপরোক্ত তিন বিআইটির বিভিন্ন বিভাগে ছাত্র ভর্তি করা হবে।

২। প্রার্থীর সাধারণ যোগ্যতা ঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) মাধ্যমিক পরীক্ষায় প্রার্থীকে গ্রেস নম্বর বাদে অন্ততঃ ৫০% নম্বর পেয়ে পাস হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাস হতে হবে।

গ) প্রার্থীকে ১৯৮৫ অথবা ১৯৮৬ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গ্রেস নম্বর বাদে দ্বিতীয় বিভাগে পাস হতে হবে। এই পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন—এই তিন বিষয়ে গ্রেস নম্বর বাদে গড়ে অন্ততঃ ৬০% নম্বর এবং পৃথকভাবে প্রতিটিতে গ্রেস বাদে অন্ততঃ ৫০% নম্বর পেতে হবে অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষার সমমানের কোন পরীক্ষায় এবং উক্ত বিষয়গুলিতে কমপক্ষে সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাস হতে হবে।

মাধ্যমিক পরীক্ষার কোন বিষয়ে অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষার ঐচ্ছিক বিষয়ে ছাড়া অন্য কোন বিষয়ে পাসের জন্য গ্রেস নম্বর পেয়ে থাকলে দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।

৩। দরখাস্ত করার নিয়ম

ক) দরখাস্তের নির্ধারিত ফরম ও আনুষঙ্গিক নিয়মাবলী ১০/- (দশ) টাকার বিনিময়ে খুলনা, চট্টগ্রাম বা রাজশাহী বিআইটির পরিচালক-এর অফিস থেকে অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগতভাবে সংগ্রহ করা যাবে। ডাকযোগে ফরম পেতে হলে নীচের যেকোন একটি ঠিকানায় ১০/- (দশ) টাকার ব্যাংক ড্রাফটসহ ৫/- (পাঁচ) টাকার ডাক টিকেট সংবলিত প্রার্থীর ঠিকানাযুক্ত ১০"×৫½" আকারের একটি খাম পাঠাতে হবে।

| ফরম প্রাপ্তি ও জমা দেওয়ার ঠিকানা | ড্রাফট করার পদ্ধতি |
|---|---|
| ক) পরিচালক<br>বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী, খুলনা,<br>পোঃ ইঞ্জিনীয়ারিং কলেজ,<br>খুলনা। | সভাপতি, ভর্তি কমিটি-এর অনুকূলে শুধুমাত্র জনতা ব্যাংক, খুলনা ইঞ্জিনীয়ারিং কলেজ শাখা-এর উপর প্রদত্ত। |
| খ) পরিচালক<br>বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী, চট্টগ্রাম।<br>পোঃ ইঞ্জিনীয়ারিং কলেজ,<br>চট্টগ্রাম। | সভাপতি, ভর্তি কমিটি-এর অনুকূলে শুধুমাত্র সোনালী ব্যাংক পাহাড়তলী (চৌমুহনী) শাখা, চট্টগ্রাম-এর উপর প্রদত্ত। |
| গ) পরিচালক,<br>বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী, রাজশাহী।<br>পোঃ কাজলা,<br>রাজশাহী। | সভাপতি, ভর্তি কমিটি-এর অনুকূলে শুধুমাত্র রূপালী ব্যাংক রাজশাহী ইঞ্জিনীয়ারিং কলেজ শাখা-এর উপর প্রদত্ত। |

দ্রষ্টব্য ঃ ক) যেহেতু সকল দরখাস্ত কেন্দ্রীয়ভাবে বিবেচনা করা হবে অতএব, একজন প্রার্থীর জন্য একটি দরখাস্তই যথেষ্ট। দরখাস্ত যে কেন্দ্রেই জমা দেয়া হোক না কেন ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীর আসন নির্ধারণের ক্ষেত্রে তা [illegible] ভিত্তিতে অগ্রাধিকার দেয়া হবে। কেন্দ্র পরিবর্তনের আবেদন গৃহীত হবে না। উল্লেখ্য যে, তিন বিআইটি খুলনা চট্টগ্রাম ও রাজশাহী কেন্দ্রে একই সময়ে একই প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া হবে।

(খ) ভর্তি পরীক্ষায় যারা অংশ নিতে পারবে, তাদের সম্পূর্ণ তালিকা সংশ্লিষ্ট তিন বিআইটিতে এবং সম্ভব হলে আরো কয়েকটি স্থানে নোটিশ বোর্ডে দেয়া হবে। এ সম্পর্কে পত্রিকাতেও সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি দেয়া হবে।

(গ) গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন-এর প্রত্যেকটিতে ২০০, এবং ইংরেজীতে ১০০, অর্থাৎ মোট ৭০০ নম্বরের সাড়ে তিন ঘন্টা ব্যাপী একটি লিখিত ভর্তি পরীক্ষা নেয়া হবে। প্রধানতঃ উচ্চ মাধ্যমিক সিলেবাসের অনুক্রমে প্রশ্ন থাকবে, তবে কিছু মৌখিক প্রশ্ন সিলেবাসের বাইরেও থাকতে পারে।

(ঘ) সম্মিলিত ভর্তি পরীক্ষায় ২১০ নম্বরের কম পেলে প্রার্থী ভর্তির জন্য বিবেচিত হবে না। সকল কেন্দ্রে একই সময়ে এবং একই প্রশ্নে অনুষ্ঠিত সম্মিলিত ভর্তি পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রস্তুত এক মেধাতালিকা থেকে প্রথম ৫৪০ জনকে ডাক্তারী পরীক্ষা সাপেক্ষে বিভিন্ন বিআইটিতে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

৫। আসন সংখ্যা ও বন্টন ঃ

(ক) খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী বিআইটির প্রতিটির প্রতি বিভাগে ৬০টি করে সর্বমোট ৫৪০টি আসনে ছাত্র ভর্তি করা হবে।

(খ) সকল কেন্দ্রে অনুষ্ঠিত সম্মিলিত ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মধ্য থেকে ভর্তি পরীক্ষায় পাওয়া নম্বরের সম্মিলিত মেধার ভিত্তিতে এবং প্রার্থীদের পছন্দের ক্রম অনুসারে বিভিন্ন বিআইটির বিভিন্ন বিভাগে স্থান দেয়া হবে। এক্ষেত্রে প্রার্থী কোন কেন্দ্রে দরখাস্ত জমা দিয়েছে বা ভর্তি পরীক্ষা দিয়েছে, তা বিবেচ্য হবে না।

৬। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচী ঃ

| | |
|---|---|
| (ক) দরখাস্ত জমা নেয়ার শেষ সময়সীমা, (ডাকযোগে বা ব্যক্তিগতভাবে)। | শনিবার, ৩১শে জানুয়ারী, ১৯৮৭ বেলা ২টা। |
| (খ) ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের অনুমোদন পাওয়া প্রার্থী তালিকা ও নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রের নাম প্রকাশনা। | সোমবার, ১৬ই ফেব্রুয়ারী, ১৯৮৭ |
| (গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়। | সোমবার, ২৩শে ফেব্রুয়ারী, ১৯৮৭ সকাল দশটা থেকে বেলা দেড়টা। |
| (ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশনা। | শনিবার, ৭ই মার্চ, ১৯৮৭ |

৭। ভর্তি সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য খুলনা চট্টগ্রাম বা রাজশাহী বিআইটি'র, পরিচালক,-এর দফতরে যোগাযোগ করতে হবে। আগামী ৫ই জানুয়ারী, '৮৭ তারিখ থেকে উপরোক্ত বিআইটিসমূহে অফিস চলাকালীন সময়ে ফরম পাওয়া যাবে।

( ডঃ খ ম ওয়ালিউজ্জামান )
সভাপতি, সম্মিলিত ভর্তি কমিটি, বিআইটি।

ডিএফপি(স)—২২২৫০(১)(৩১-১২) জি—৩৭৭৮

070